ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩১৮৪

তেলিয়ামুড়া, ১১ অক্টোবর, ২০২৫

## বন দপ্তরের উদ্যোগে তেলিয়ামুড়ায় কুইজ প্রতিযোগিতা

বন্যপ্রাণী সপ্তাহ ২০২৫ উপলক্ষে তেলিয়ামুড়া বন দপ্তরের উদ্যোগে এবং নবচিন্তন ওয়েলফেয়ার সোসাইটির সহযোগিতায় এক বিতর্ক ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। শনিবার বন দপ্তরের কনফারেন্স হলে এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জেলা বন আধিকারিক অশোক কুমার, তেলিয়ামুড়া ফরেস্ট রেঞ্জার রাজেশ দেব, বিশিষ্ট সাহিত্যিক মনোরঞ্জন গোপ, বিশিষ্ট শিক্ষাবিদ মিহির দেবনাথ, নবচিন্তন এর সম্পাদক চিরঞ্জীব দেব প্রমুখ। পরিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত এই প্রতিযোগিতায় এলাকার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে। অনুষ্ঠানে বন বিভাগের আধিকারিকগণ বন্যপ্রাণী সংরক্ষণের গুরুত্ব, মানব ও প্রকৃতির সহাবস্থানের প্রয়োজনীয়তা এবং বনজ সম্পদ রক্ষার উপায় নিয়ে বক্তব্য রাখেন। বিতর্ক ও কুইজ প্রতিযোগিতায় ছাত্র ছাত্রীরা অংশ নেয়।

******